

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 06-10-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) শিক্ষা ব্যবস্থার আধুনিকিকরণে রাজ্য সরকার সঠিক পরিকল্পনার মাধ্যমে কাজ করছে- বললেন মুখ্যমন্ত্রী।
- (২) শারদ উৎসবের দিনগুলি থেকে দীপাবলী পর্যন্ত রাজ্যের নিরন্তর বিদ্যুৎ পরিসেবা চালু রাখতে উদ্যোগ নেওয়া হয়েছে- বললেন বিদ্যুৎমন্ত্রী ।
- (৩) ভারতীয় বিমান বাহিনীর ৯২তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে চেন্নাই-এ আজ ৭২টি যুদ্ধ বিমান ও হেলিকপ্টারের গৌরবোজ্জ্বল প্রদর্শনী অনুষ্ঠিত হয়।
- (৪) সাব্রুমের বিন্দাস বয়েজ আয়োজিত পূর্নেন্দু বিকাশ দত্ত স্মৃতি প্রাইজমানি ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ান লুধুয়া ফুটবল সেন্টার।

CM:

শিক্ষা ব্যবস্থার আধুনিকিকরণে রাজ্য সরকার বিভিন্ন প্রকল্পে সঠিক পরিকল্পনার মাধ্যমে কাজ করছে। আজ খোয়াইতে সিঙ্গিছড়া শরৎচন্দ্র দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং দুর্গানগরে খোয়াই সরকারি ইংরেজি মাধ্যম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের দুটি পাকা বাড়ি উদ্বোধন করে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা একথা বলেন। রাজ্যের বিদ্যা জ্যোতি স্কুল গুলোর প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, শিক্ষার্থীদের উন্নতমানের শিক্ষা প্রদানের জন্য রাজ্য সরকার

সংশ্লিষ্ট বিদ্যালয় গুলোর শিক্ষক-শিক্ষিকাদের উন্নতমানের প্রশিক্ষণের ব্যবস্থা করছেন। মুখ্যমন্ত্রী ছাড়াও এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মন্ত্রী টিঙ্কু রায়, বিধায়ক নির্মল বিশ্বাস, পিনাকী দাস চৌধুরী, জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায় সহ অন্যান্যরা।

এদিকে, মুখ্যমন্ত্রী আজ খোয়াইতে একটি আন্তর্জাতিক মানের সিন্থেটিক ফুটবল মাঠের উদ্বোধন করেন। এ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যকে খেলাধুলায় এদিয়ে নিয়ে যেতে পরিকাঠামোর মান উন্নয়নে সরকার সচেষ্ট রয়েছে। তিনি বলেন, রাজ্যে ইতিমধ্যেই এই ধরনের সাতটি সিন্থেটিক ফুটবল মাঠ তৈরী করা হয়েছে।

Durgotsav:

বিভিন্ন পূজা মন্ডপ উদ্বোধনের মধ্য দিয়ে রাজ্যে শারদ উৎসব শুরু হয়ে গেছে। ধর্মীয় রীতি মেনে আর চার দিন বাদেই শুরু হচ্ছে শারদীয়া দুর্গাপূজা। পাঁচ দিনব্যাপী দুর্গাপূজা আগামী ১০ই অক্টোবর থেকে শুরু হবে। ইতিমধ্যে বিভিন্ন সংস্থা সংগঠনের পক্ষ থেকে দুস্থদের মধ্যে বস্ত্র বিতরণ করা হচ্ছে। বিভিন্ন জায়গায় আগমনী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন চলছে। কেনাকাটার জন্য আগরতলার বিভিন্ন কাপড়ের দোকান সপিং মলে ভির লক্ষ্য করা গেছে।

Ratan lal Nath :

শারদ উৎসবে বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক রাখতে আজ আগরতলায় বিদ্যুৎ নিগম লিমিটেডের কর্পোরেট কার্যালয়ে এক পর্যালোচনা বৈঠক হয়েছে। বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ বৈঠকে সভাপতিত্ব করেন। মন্ত্রী শ্রী নাথ জানান, দুর্গাপূজা সহ দীপাবলি পর্যন্ত উৎসবের এই দিনগুলোতে রাজ্যে যাতে বিদ্যুতের কোন ঘাটতি

না হয় এবং নিরন্তর বিদ্যুৎ পরিষেবা বজায় থাকে, সেদিকে লক্ষ্য রেখে আলোচনা হয়েছে। উপস্থিত ছিলেন বিদ্যুৎ নিগমের ব্যবস্থাপক অধিকর্তা সহ জেনারেল ম্যানেজার, টিপিজিএল এবং টি পি টি এল-এর জেনারেল ম্যানেজার সহ অন্যান্য আধিকারিকরা।

Minister Tinku Roy:

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের হালাইছড়া চা-বাগান এস বি স্কুল মাঠে মেগা লায়ন হাট-এর উদ্বোধন করেন।

আসন্ন দুর্গোৎসবকে সামনে রেখে কৈলাশহর লায়ন্স ও লিও ক্লাবের যৌথ উদ্যোগে অভিনব এই প্রয়াসে এগারশো'র বেশি নাগরিককে সম্পূর্ণ বিনামূল্যে বিবিধ সামগ্রী প্রদান করা হয়। এজন্য খোলা হয়েছিল বারোটি স্টল। এই স্টলগুলি থেকে জামা-কাপড়, জুতা, মনোহারী তথা প্রসাধনী সামগ্রী, প্লাষ্টিকের সামগ্রী, কচিকাঁচাদের জন্য খেলনা-পুতুল ইত্যাদি বিলি করা হয়।

মন্ত্রী টিংকু রায় তাঁর ভাষনে বলেন, এধরনের উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসার যোগ্য। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, কৈলাশহর লায়ন্স ক্লাবের সভাপতি সুপ্রিম দেবরায় প্রমুখ। এই উপলক্ষ্যে স্কুল চত্বরে গাছের চারা রোপণ করা হয়। আয়োজিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠানও।

CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ তাঁর সরকারী বাসভবনে সাংবাদিকদের সঙ্গে প্রাক পূজো মতবিনিময় করেন। পূজোর দিনগুলোতে রাজ্যে আইনশৃঙ্খলা রক্ষা, চাঁদার জুলুম বন্ধ

করা ইত্যাদি বিষয় নিয়ে তিনি আলোচনা করেন। মুখ্যমন্ত্রী বলেন, আগরতলা শহরে সকাল বেলায় আবর্জনার পরিস্কারের লরিগুলি যাতে চলাচল না করে এ বিষয়ে তিনি পুর নিগমের সঙ্গে কথা বলবেন।

Media Advisory Committee:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহাকে চেয়ারম্যান করে ৩৩ সদস্যক মিডিয়া উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির সদস্যরা রাজ্যের তথ্য ও সংস্কৃতি দপ্তরকে মিডিয়া বিষয়ক পরামর্শ দেবেন।

Cerebral Palsy Day:

আজ বিশ্ব সেরিব্রাল পলসি দিবস। সেরিব্রাল পলসি সম্পর্কে বিশ্বব্যাপী সচেতনতা বৃদ্ধি এবং অন্তর্ভুক্তিমূলক সমাজ বিষয়ে প্রচারের জন্য প্রতি বছর এই দিনটি পালিত হয়ে থাকে। দেশের বিভিন্ন স্থানে এ বিষয়ে নানা কর্মসূচি গ্রহণ করা হয়।

IAF:

ভারতীয় বিমান বাহিনীর ৯২তম প্রতিষ্ঠা বার্ষিকী চেন্নাই-এ আজ ৭২টি যুদ্ধ বিমান ও হেলিকপ্টারের গৌরবোজ্জ্বল প্রদর্শনীর মাধ্যমে শুরু হয়। একুশ বছর পর আয়োজিত এধরনের প্রদর্শনী মেরিনার লাখো দর্শকের মধ্যে প্রবল উৎসাহের সৃষ্টি করে। বিমান বাহিনীর যুদ্ধ বিমান চেতক, রাফেল, ডাকোটা, হার্ডাড, মিগ এবং জাগুয়ার এই উপলক্ষ্যে নানাধরনের রণকৌশল প্রদর্শন করা হয়। এই প্রদর্শনীর কারনে আজ চেন্নাই বিমান বন্দরের উড়ান সূচীতে বিশেষ পরিবর্তন আনতে হয়।

PRESS MEET SHUSHANTO CHOWDHURY:

বেসরকারী চিকিৎসা সংস্থা “সৃজা হাসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট প্রাইভেট লিমিটেড” ত্রিপুরায় একটি সুপার স্পেশালিটি হাসপাতাল গড়ে তোলার জন্য রাজ্য সরকারের কাছে জমি চেয়েছে। আজ মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে পরিবহনমন্ত্রী সুশান্ত চৌধুরী এই সংবাদ জানান। তিনি বলেন, সংস্থাটি পশ্চিম জেলা প্রশাসনের কাছে জমির জন্য আবেদন জানিয়েছিল। এই হাসপাতাল গড়ে তুলতে উপযুক্ত জমির জন্য আগরতলার কাছে আর কে নগরে ভেটেরিনারি কলেজের জমির একটি অংশ চিহ্নিত করা হয়েছে। পরিবহন মন্ত্রী বলেন, রাজ্যবাসীর স্বার্থে সব রকম পদ্ধতি অনুসরণ করে ও স্বচ্ছতার সঙ্গে রাজ্য সরকার এ ব্যাপারে অগ্রসর হয়েছে। এই হাসপাতালের জন্য জমি বরাদ্দের বিষয়টি প্রাথমিক পর্যায়ে রয়েছে উল্লেখ করে পরিবহন মন্ত্রী এবিষয়ে বিরোধী দলের বিধায়ক সুদীপ রায় বর্মনের অভিযোগ খন্ডন করেন।

Congress Press Meet:

এদিকে, কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন অভিযোগ করেছেন বোধজংনগর এলাকার ২৮ একর অর্থাৎ প্রায় ৭০ কানি জমি বহিরাজ্যের ওইবেসরকারী হাসপাতালকে এনওসি’র মাধ্যমে এলটম্যান্ট করার উদ্যোগ নিয়েছে সরকার। এই বিষয়ে রাজ্য মন্ত্রিসভার কোন ধরনের অনুমোদন নেওয়া হয়নি বলেও তিনি অভিযোগ করেন। আজ প্রদেশ কংগ্রেস ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে শ্রী বর্মন এই অভিযোগ করেন। সাংবাদিক সম্মেলনে প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহাও উপস্থিত ছিলেন।

Maldweep-President:

মালদ্বীপের রাষ্ট্রপতি ড: মহম্মদ মুইজ্জু পাঁচদিনের ভারত সফরে আজ নয়াদিল্লীতে এসে পৌঁছেছেন। সফরকালে তিনি রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় সরকারের উচ্চপদস্থ কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন। আগামীকাল রাষ্ট্রপতি ভবনে মালদ্বীপের রাষ্ট্রপ্রধানকে আনুষ্ঠানিকভাবে সংবর্ধনা জানানো হবে।

DRDO :

প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থা (DRDO) গতকাল রাজস্থানের পোখরান ফিল্ড ফ্যারিং রেঞ্জে চতুর্থ প্রজন্মের অতি স্বল্প পাল্লার এয়ার ডিফেন্স সিস্টেমের তিনটি সফল পরীক্ষা চালায়। উচ্চ গতির লক্ষ্যমাত্রায় আঘাত হানতে এই পরীক্ষার উদ্যোগ নেওয়া হয়। মানব বহনযোগ্য এয়ার ডিফেন্স ব্যবস্থাটি দেশীয় প্রযুক্তিতে যৌথভাবে তৈরী করেছে রিসার্চ সেন্টার ইমারত এবং প্রতিরক্ষা গবেষণা উন্নয়ন সংস্থা। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এই সফল পরীক্ষাটির জন্য DRDO-সহ সংশ্লিষ্টদের অভিনন্দন জানিয়েছেন।

Red Cross , Sonamura :

রেড ক্রস সোসাইটি সোনামুড়া শাখা ও নীরমহল এডভেঞ্চার এন্ড মাউন্টেনিয়ারিং ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে আজ এক রক্তদান শিবির ও সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। সোনামুড়ার একটি বেসরকারি অতিথিশালায় অনুষ্ঠিত এই রক্তদান শিবিরে মোট ৩৬ জন রক্তদান করেন। এছাড়া সাম্প্রতিক বন্যায় দুর্গতদের সহায়তা করার জন্যে সোনামুড়া প্রেস ক্লাব সহ মোট ২১টি সংস্থাকে সংবর্ধিত করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সোনামুড়ার মহকুমা শাসক তথা রেড ক্রস সোসাইটি সোনামুড়া শাখার সভাপতি মহেন্দ্র কান্বে চাকমা, নীরমহল এডভেঞ্চার এন্ড

মাউন্টেনিয়ারিং ফাউন্ডেশনের চেয়ারম্যান রতন কুমার দাস সহ অন্যান্যরা।

Cloth Distribution & Health Camp:

ত্রিপুরা গ্রামীণ ব্যাংক এবং রোটারি ক্লাব অব আগরতলার যৌথ উদ্যোগে আগরতলা রামঠাকুর বালিকা বিদ্যালয়ে আজ বস্ত্র বিতরণ অনুষ্ঠান ও স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। অনুষ্ঠানে আগরতলা ৩১ নম্বর পুর ওয়ার্ডের বন্যায় ক্ষতিগ্রস্ত ৩০০ জন মানুষের মধ্যে বস্ত্র বিতরণ করা হয়। এছাড়া বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা ও ঔষধ প্রদান করা হয়।

এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, গ্রামীণ ব্যাংকের রিজিওনাল অফিসার পায়েল সাহা, রোটারি ক্লাব অব আগরতলার সভাপতি ডক্টর নিহারঞ্জন দাস প্রমুখ।

Football Final Match:

সাব্রুমের বিন্দাস বয়েজ আয়োজিত পূর্নেন্দু বিকাশ দত্ত স্মৃতি প্রাইজমানি ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ান হল লুধুয়া ফুটবল সেন্টার। আজ সাব্রুম দ্বাদশ স্কুল মাঠে আসরের ফাইনাল ম্যাচে উদয়পুরে আমরা বন্ধু ক্লাবকে ২-১ গোলে হারায় বিজয়ী দল। চ্যাম্পিয়ান দলকে সুদৃশ্য ট্রফি সহ দেড় লাখ টাকা প্রাইজমানি ও রানার্স দলকে ট্রফি সহ ১ লাখ ২০ হাজার টাকা প্রদান করা হয়।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিত সিংহ রায়, প্রাক্তন বিধায়ক শংকর রায় প্রমুখ।

Women Cricket:

অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের টি-২০ জাতীয় ক্রিকেটের আসরে গ্রুপের চতুর্থ ম্যাচে হেরে গেলো ত্রিপুরা। চন্ডিগড়ের অনুষ্ঠিত খেলায় স্বাগতিক রাজস্থান ৬১ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়। প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে রাজস্থান ৯ উইকেট হারিয়ে ১০৬ রান করে। জবাবে রাজ্যদল ১৩ ওভারে সবকটি উইকেট হারিয়ে মাত্র ৪৫ রান করতে সক্ষম হয়।

Vinu Mankar Cricket:

ভিনু মান্কার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের বালক বিভাগের একদিনের সীমিত ওভারের আসরে ত্রিপুরা দ্বিতীয় ম্যাচেও পরাজিত হয়েছে। আজ জয়পুরে অনুষ্ঠিত খেলায় তামিলনাড়ুর কাছে ৯ উইকেটের বড় ব্যবধানে রাজ্যদল হেরে যায়। প্রথমে ব্যাট করে রাজ্যদল ৪৪ ওভার ২ বল-এ সবকটি উইকেট হারিয়ে ১৩৫ রান করে। জবাবে তামিলনাড়ু ২০ ওভার ৪ বল-এ ১ উইকেট হারিয়ে প্রয়োজনীয় রান তুলে নেয়।

Weather:

রাজ্যের সব জেলার কিছু কিছু স্থানে আগামী ২৪ ঘন্টায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। এদিকে, আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ দশমিক ২ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৪ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।
